



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/রংপুর-১৬৮/

তারিখঃ /১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৫৫.৮৫০০.০৯২.০৭.০৪২.১৭-৫১৪; তারিখঃ ২০/০৯/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/রংপুর-১৬৮/৬৬০/৩; তারিখঃ ১০/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার তারাগঞ্জ উপজেলাধীন ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলাম সুপার জনাব মোঃ আব্দুল আউয়াল কে গত ২৩/০৪/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করে অত্র বোর্ডকে অবহিত করে পত্র দাখিল করেন। পত্রে বোর্ড কর্তৃক নিয়মিত ম্যানেজিং কমিটি থাকা সত্ত্বেও সুপার অবৈধভাবে কমিটি ভাঙ্গার প্রয়াস চালাচ্ছে বলে উল্লেখ করা হয়। অন্যদিকে বিগত ০৮/০৫/২০১৭খ্রিঃ তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ সাইফুল ইসলামকে সভাপতির পদ থেকে বাতিল করে নতুন সভাপতি মনোনয়নের জন্য সুপার সহ ০৭ (সাত) জন কমিটির সদস্য এবং ১৩ (তের) জন শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরিত একখানা আবেদন অত্র বোর্ডে দাখিল করেন। আবেদনে সভাপতির বিরুদ্ধে শিক্ষক/কর্মচারীকে চাকুরি হতে বরখাস্তের হুমকি, বেতন বিলে স্বাক্ষরের জন্য চাঁদা দাবী এবং পুনরায় কমিটিতে আসার জন্য নানাবিধ ষড়যন্ত্র করছেন মর্মে উল্লেখ করা হয়।

উপরিউক্ত অভিযোগসমূহের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুরকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হলে উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সভাপতি জনাব সাইফুল ইসলাম কর্তৃক সুপার জনাব মোঃ আব্দুল আউয়ালকে সাময়িক বরখাস্তকরণ অবৈধ। সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সত্য।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১০৬৯/২/নথি নং- ১৬৮; তারিখঃ ২১/১০/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ সাইফুল ইসলাম এর পদ কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (-----) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ সাইফুল ইসলাম, সভাপতি, ম্যানেজিং কমিটি
ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসা, পোঃ ফাজিলপুর, উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর।

নং- বামাশিবো/প্রশাসন/রংপুর-১৬৮/৭৮৫৪

তারিখঃ ১০/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর।
- ৪। সুপার/ভারপ্রাপ্ত সুপার, ফাজিলপুর মৌলভীপাড়া রহিমিয়া সিদ্দিকিয়া দাখিল মাদরাসা, পোঃ ফাজিলপুর, উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭